দৈনিক বাংলা

তারিখ ... 18 DEC 1988 ...
পৃষ্ঠা ... 7 কলাম ... 8 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

089

# পরীক্ষার ফী দ্বিগুণ আদায় করা হচ্ছে

(নিজস্ব সংবাদদাতা)

নবীনগর (ব্রাহ্মণবাড়িয়া) ১৭ই ডিসেম্বর।—ব্রাহ্মণবাড়িয়া জেলার শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠানে মাধ্যমিক পরীক্ষার্থীদের কছে থেকে অতিরিক্তহারে পরীক্ষার ফী আদায়ের অভিযোগ পাওয়া গেছে। কোন কোন ক্ষেত্রে দ্বিগুণ তিনগুণ অধিক ফী আদায়ের নজিরও রয়েছে।

জানা গেছে, এ বছর কুমিল্লা শিক্ষা বোর্ড বিজ্ঞান শাখার ছাত্রছাত্রীদের জন্য ১৮০ টাকা এবং মানবিক শাখার ছাত্রছাত্রীদের জন্য ১৬৫ টাকা বোর্ড ফী ধার্য করে। বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের কাছ থেকে বোর্ডের ফী, কেন্দ্র ফীসহ ৬ মাসের আগাম ছাত্র বেতন আদায় করার কথা। এই হিসেব অনুযায়ী পরীক্ষার ফী কোনক্রমেই সোয়া ৪শ টাকার অধিক হওয়ার কথা নয়। কিন্তু অধিকাংশ বিদ্যালয়ে পরীক্ষার্থীদের কাছ থেকে বিনারশিদে অনেক বেশি অর্থ আদায় করা হচেছ। এমন কি কয়েকটি বিদ্যালয় ১ হাজার থেকে ১২শ টাকাও আদায় করছে। দু মাসের বাধ্যতামূলক কোচিং ক্লাশ সেশন চার্জ এবং বিভিন্ন ফান্ড ও প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে চাঁদা বাবত পরীক্ষার্থীদের কাছ থেকে রশিদ ব্যতীত এসব অর্থ নেয়া হয়। ফলে অভিভাবকদের জিজ্ঞাসাবাদের সময়

(৩-এর পৃঃ দ্রঃ)

## পরীক্ষার ফি

(৭-এর পৃঃ পর)

ছাত্রছাত্রীরা সদুত্তর দিতে না পারায় অযথা বিড়ম্বনার সম্মুখীন হচেছ।